



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১০৭.২৩.০৪.২৩.১৯৩৪

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০  
৩০ নভেম্বর ২০২৩

বিষয়: মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন এবং শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে যথাযোগ্য মর্যাদায় ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন এবং ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অন্যান্য কার্যক্রমের সাথে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ মহান বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা (বিধি মোতাবেক সঠিক মাপ ও রংয়ের) উত্তোলন করতে হবে;
- জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ইত্যাদি খেলার আয়োজন করতে হবে;
- সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সম্ভব হলে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রতি বছরের ন্যয় ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে সুবিধাজনক সময়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে পিটিআইসমূহের মসজিদে বিশেষ মোনাজাত ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করতে হবে;
- ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস ২০২৩ সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে এবং সকল কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
- শিক্ষা প্রতিষ্ঠানে ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে।

মোহাম্মদ নজরুল ইসলাম

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ৫৫০৭৪৯১৭

ই-মেইল: [adgeneral@dpe@gmail.com](mailto:adgeneral@dpe@gmail.com)

বিতরণ:

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর (সকল)..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।

1G:\Mahbub\_2018\Driver\_F\16 Decmber\16 December 2022 letter.docx